



বিসিএস জেনারেল এডুকেশন অ্যাসোসিয়েশন

BCS General Education Association

শিক্ষাবিদ ইন্সটিটিউশন বাংলাদেশ, মেহেরবা প্লাজা (১৪শ তলা), ৩৩ তোপখানা রোড, ঢাকা-১০০০

ওয়েবসাইট: [www.bcsgea.org.bd](http://www.bcsgea.org.bd)

তারিখ : ১৪/০৫/২০২৪

## নির্বাচন কমিশন

কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি নির্বাচন-২০২৪

বিসিএস জেনারেল এডুকেশন অ্যাসোসিয়েশন

### বিজ্ঞপ্তি

বিসিএস জেনারেল এডুকেশন অ্যাসোসিয়েশনের সকল সদস্যকে জানানো যাচ্ছে যে, বিসিএস জেনারেল এডুকেশন অ্যাসোসিয়েশন কার্যনির্বাহী কমিটি নির্বাচন ২০২৪ অনুষ্ঠানের জন্য নির্বাচন কমিশন কর্তৃক ইতোপূর্বে ঘোষিত নির্বাচনী আচরণবিধি অনিবার্য কারণবশত আংশিক সংশোধন করে এতদসঙ্গে সংযুক্ত করা হলো। সকল সদস্যকে নির্বাচনী আচরণবিধি মেনে নির্বাচন কার্যক্রমে অংশগ্রহণ ও সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

প্রফেসর সাইফ উদ্দিন আহমেদ চৌধুরী

প্রধান নির্বাচন কমিশনার

কার্যনির্বাহী কমিটি নির্বাচন-২০২৪

বিসিএস জেনারেল এডুকেশন অ্যাসোসিয়েশন



বিসিএস জেনারেল এডুকেশন অ্যাসোসিয়েশন

BCS General Education Association

শিক্ষাবিদ ইন্সটিটিউশন বাংলাদেশ, মেহেরবা প্লাজা (১৪শ তলা), ৩৩ তোপখানা রোড, ঢাকা-১০০০

ওয়েবসাইট: [www.bcsgea.org.bd](http://www.bcsgea.org.bd)

তারিখ : ১৪/০৫/২০২৪

কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি নির্বাচন-২০২৪  
বিসিএস জেনারেল এডুকেশন অ্যাসোসিয়েশন

নির্বাচনী আচরণবিধি(সংশোধিত)

- ১। কোন প্রার্থী প্রিজাইডিং অফিসার অথবা ভোট গ্রহণের জন্য কোন প্রকার প্রতিনিধিত্বমূলক কাজে অংশগ্রহণ করতে পারবেন না।
- ২। যদি কোন কলেজের অধ্যক্ষ কোন পদের জন্য প্রার্থী হন তবে তিনি ভোট গ্রহণের কোন কার্যক্রমে অংশ নিতে পারবেন না।
- ৩। কোনো প্রার্থী অন্য কোনো প্রার্থীর প্রচারপত্র বিলি/প্রদর্শনে বাধা দিতে পারবেন না।
- ৪। একজন প্রার্থী/ভোটার অন্য প্রার্থী/ভোটারের ব্যক্তিগত বিষয় নিয়ে কুৎসা রটাবেন না বা বক্তব্য প্রদান করবেন না।
- ৫। কোন প্রার্থী/ভোটার অন্য কোন প্রার্থী/ভোটারকে ভয়ভীতি দেখাতে পারবেন না।
- ৬। সকল প্রার্থী এবং তাদের সমর্থক সামাজিক যোগাযোগ মাধ্যমে নির্বাচনী প্রচারণার ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৭ মে, ২০২০ তারিখের সরকারি সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা আবশ্যিকভাবে মেনে চলবেন।
- ৭। কোন প্রার্থী নিজ কেন্দ্রে ভোট না দিয়ে অন্য কোন কেন্দ্রে ভোট দিতে চাইলে ২৩ মে, ২০২৪ তারিখের মধ্যে নির্বাচনকমিশনে লিখিত আবেদন করবেন। আবেদন মেইলে ([bcsgaelection2024@gmail.com](mailto:bcsgaelection2024@gmail.com)) প্রেরণ করতে হবে।
- ৮। ০৭ জুন, ২০২৪ থেকে ০৯ জুন, ২০২৪ পর্যন্ত কোনো ভোটার সরকারি দায়িত্বে/প্রশিক্ষণরত/ মাতৃত্বকালীন ছুটিতে থাকলে/চলাচলে অক্ষম হলে যথাযথ প্রমানসহ ঐ ২৩ মে, ২০২৪ তারিখের পূর্বে ভোট প্রদানের কেন্দ্র পরিবর্তনের আবেদন করতে পারবেন। আবেদন মেইলে ([bcsgaelection2024@gmail.com](mailto:bcsgaelection2024@gmail.com)) প্রেরণ করতে হবে।
- ৯। সামাজিক যোগাযোগ মাধ্যমে কোনো প্যানেল বা প্রার্থীর প্রচারণামূলক পোস্টে অপর কোনো প্যানেল বা প্রার্থী অথবা অপর কোনো প্যানেলের পক্ষে অথবা প্রার্থীর পক্ষে প্রচারণামূলক বা নেতিবাচক মন্তব্য করা যাবে না।

কোন প্রার্থী/ভোটার নির্বাচনী আচরণবিধি ভঙ্গ করলে তার বিষয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

প্রফেসর সাইফ উদ্দিন আহমেদ চৌধুরী

প্রধান নির্বাচন কমিশনার

কার্যনির্বাহী কমিটি নির্বাচন-২০২৪

বিসিএস জেনারেল এডুকেশন অ্যাসোসিয়েশন